# Panchur College

( A Fully Aided College of Government of West Bengal )

( Affiliated to The University of Calcutta )

A1-1/1 Santoshpur Burtolla Link Road, Kolkata - 700 066, Phone - 9433612181.

Email - panchurcollege@gmail.com, Web - www.panchurcollege.ac.in


## বাংলা বিভাগ (Department of Bengali)

### Course Outcomes (CO) under CCF

বাংলা ভাষা-

বাংলা ভাষার জ্ঞান ও ব্যবহারিক দক্ষতা (ধ্বনি, বর্ণ, বাক্য, শব্দার্থ, উপভাষা): বাংলা ভাষার বহুমুখী বৈশিষ্ট্য ও তার নানান মৌলিক দিক সম্পর্কে দক্ষতা অর্জন।

গঠনগত বা বাংলা ভাষার আঙ্গিকগত জ্ঞান: বাংলা ভাষার গঠনগত বহুমাত্রিক উপাদান বিশেষত শব্দতত্ত্ব সম্পর্কে জ্ঞান অর্জন।

বাংলা ভাষার ঐতিহাসিক মূল্যায়ন: প্রাচীন ভারতীয় আর্য ভাষা থেকে নব্য ভারতীয় আর্য ভাষাগুলির উৎপত্তি, বৈশিষ্ট্য ও বিবর্তনগত বহুমুখী বিচার ও মূল্যায়ন করা সম্ভব হবে। সর্বোপরি, বাঙালি জাতির উদ্ভব ও কৌমগত বৈশিষ্ট্য ও বিবর্তন সম্পর্কিত উপলব্ধি সম্ভব।

বাংলা সাহিত্য –

বহুধা সাহিত্য আন্দোলন সম্পর্কিত জ্ঞানলাভ - প্রাচীন বাংলা সাহিত্য থেকে বর্তমান সমসাময়িক বাংলা সাহিত্যের বহুমুখী উপাদান যেমন চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, মঙ্গলকাব্য থেকে শুরু করে বর্তমানের চলচ্চিত্র শিল্পকলার বিবর্তন সম্পর্কে সুদৃঢ় মূল্যায়ন করা সম্ভব।

বিবিধ সাহিত্য প্রকরণের সংশ্লেষ-বিশ্লেষ – কাব্য-কবিতা, নাটক, গদ্য, প্রবন্ধ, উপন্যাস, ছোটগল্প, জীবনী সাহিত্য, ভ্রমণ সাহিত্য প্রভৃতি সাহিত্য আঙ্গিকের পাঠ এবং সাহিত্য উপস্থাপনার বৈচিত্র্য সম্পর্কে উপলব্ধি সম্ভব।

সাহিত্য সম্পর্কিত গবেষণা ও মূল্যায়ন- সাহিত্য নিয়ে গবেষণা, তৎসহ লোকাচার, লোকসংস্কৃতি, চলচ্চিত্র নিয়ে বহুমুখী অনুসন্ধান এবং বাঙালি মনীষাদের সাহিত্য চিন্তা সম্পর্কে তত্ত্ব ও তথ্যমূলক জ্ঞানলাভ ও দক্ষতা বৃদ্ধি।

বাংলা নাটক, কাব্য, কথাসাহিত্য, সাহিত্যের ইতিহাস প্রভৃতির নানান তাত্ত্বিক দিক অনুধাবন - ধ্রুপদী তত্ত্ব, রোমান্টিসিজম, সুররিয়ালিজম, কল্পনাবাদ, রসতত্ত্ব প্রভৃতি তত্ত্বনির্ভর বাংলা সাহিত্যাদর্শ সম্পর্কে মৌখিক ও লিখিত দক্ষতা প্রদর্শন সম্ভব।

আন্ত:বিষয়ক অভিগমন - বাংলা সাহিত্যে বহুস্বরের প্রাধান্য ও বহুমুখী চর্চায় তুলনামূলক, প্রেক্ষাপট তথা দেশ-কাল- পাত্র নির্ভর আন্ত:শাখাকেন্দ্রিক আলোচনা-সমালোচনা ছাত্র-ছাত্রীদের বহুমাত্রিক অভিজ্ঞতা ও দক্ষতা বৃদ্ধি করবে।

PANCHUR COLLEGE ESTD 2008 KOLKATA-66

Teacher-in-Charge
Panchur College
Kolkata - 700 066

# Panchur College

( A Fully Aided College of Government of West Bengal )

( Affiliated to The University of Calcutta )

A1-1/1 Santoshpur Burtolla Link Road, Kolkata - 700 066, Phone - 9433612181.

Email - panchurcollege@gmail.com, Web - www.panchurcollege.ac.in


## বাংলা বিভাগ (Department of Bengali)

### Programme Outcomes (PO) under CCF

শিক্ষক হয়ে ওঠার কৌশলগত দক্ষতা- বাংলা ভাষা ও সাহিত্যের স্নাতক ছাত্রছাত্রী স্কুল, কলেজ, ইউনিভার্সিটি বা বহুমুখী শিক্ষা প্রতিষ্ঠানে দক্ষতার সঙ্গে ফলদায়ক শিক্ষাদানে দক্ষতা অর্জন এবং মানবসম্পদ উন্নয়নে ও প্রাতিষ্ঠানিক উন্নয়নে ছাত্র-ছাত্রীরা সহায়ক হবে।

সাংস্কৃতিক অনুষ্ঠান তদারকির কৌশলী শিক্ষা - ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে, পরিচালনা, সম্পাদনা ও সাফল্যকেন্দ্রিক সংস্কৃতির বহুমাত্রিক চর্চা কৌশলী দক্ষতা বৃদ্ধি ও তদারকির ক্ষমতা অর্জনে সম্পূর্ণ সহায়ক।

সৃষ্টিশীল লেখালেখি ও ভাষা সাহিত্যচর্চার কলানৈপুণ্য - বাংলা ভাষা ও সাহিত্যের এই প্রোগ্রামভিত্তিক শিক্ষা ছাত্র ছাত্রীদের সৃষ্টিশীল লেখালেখির দক্ষতা নিয়ে সাহিত্য সহযোগী বহুমুখী মাধ্যম যেমন চলচ্চিত্র, রঙ্গমঞ্চ, চিত্রনাট্য মুদ্রণ জগৎ, বিজ্ঞাপন এজেন্সী, পাবলিশার্স প্রভৃতিতে সৃষ্টিমুখর কাজ করার সুবিধা এবং কবিতা, নাটক, উপন্যাস, গল্প সৃষ্টি করে সাহিত্যিক হয়ে ওঠার যথেষ্ট সুযোগ বর্তমান।

আবৃত্তি, কবিতা পাঠ, সঞ্চালনা প্রভৃতি কর্মে দক্ষতা - ছন্দ, অলংকার, উচ্চারণ বিশিষ্টতা, উপস্থাপনা, বানান বিধির কৌশলী শিক্ষায় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ, পরিচালনা; গণমাধ্যম ও সমাজমাধ্যমে কর্মসংস্থানের উদ্দেশ্যে অভিজ্ঞতা ও বিশেষজ্ঞান অর্জন করতে পারবে ছাত্রছাত্রীরা।

পেশাগত অভিমুখ নির্ণয়ে প্রোগ্রামভিত্তিক শিক্ষা – সাহিত্য-সংস্কৃতির জগৎ ভিন্ন পেশাদারিত্বের অন্যান্য শাখায় যেমন, WBCS, PSC, NGOS, PUBLISHERS প্রভৃতি ক্ষেত্রে কাজ করতে সক্ষমতা অর্জন করবে ছাত্র-ছাত্রীরা।

PANCHUR COLLEGE ESTD 2008 KOLKATA-66

Teacher-in-Charge
Panchur College
Kolkata - 700 066

# Panchur College

( A Fully Aided College of Government of West Bengal )

( Affiliated to The University of Calcutta )

A1-1/1 Santoshpur Burtolla Link Road, Kolkata - 700 066, Phone - 9433612181.

Email - panchurcollege@gmail.com, Web - www.panchurcollege.ac.in


## বাংলা বিভাগ (Department of Bengali)

### Programme Specific Outcomes (PSO) under CCF

সমাযোজন দক্ষতা - বাঙালি জাতি ও বাংলা ভাষার ক্রমবর্ধমানতা, বাংলার সংস্কৃতি ও ইতিহাস চেতনা নির্ভর নানান অভিমুখগুলির অনুপুঙ্খ জ্ঞানলাভ, আন্ত:ভাষার সম্পর্ক, সাংস্কৃতিক দেওয়া-নেওয়া প্রভৃতি ছাত্র-ছাত্রীদের দেহ-মনের পরিপূর্ণ বিকাশে অত্যন্ত সহায়ক হবে।

মানব চরিত্র সম্পর্কে জ্ঞান ও অভিজ্ঞতা লাভ - বাংলা সাহিত্যের বহু চরিত্রের সঙ্গে নিবিড় সংযোগ লাভে সমাজের চারিত্র্য, মানুষের চরিত্র সম্পর্কে জ্ঞান ও অভিজ্ঞতা লাভ সহায়ক হবে এবং ছাত্র-ছাত্রীদের আপন ব্যক্তিত্ব গঠনে এই শিক্ষা সহায়ক। ব্যবহারিক জীবনের বিভিন্ন ক্ষেত্রে সাহিত্যকলার ব্যবহার করতে পারবে।

আবেগ, অনুভূতি, চেতনা, কল্পনার সম্প্রসারণ - বাংলা সাহিত্য ও ভাষা চর্চার মাধ্যমে একজন পূর্ণ মানুষ হয়ে ওঠার বহুমুখী উপাদান নির্ভর আত্তীকরণ ছাত্র-ছাত্রীদের সুষ্ঠু জীবন ও ভবিষ্যৎ গঠনের অত্যন্ত সহায়ক এই শিক্ষা। আন্তর্জাতিকতাবোধ, দেশপ্রেম, সৌভ্রাতৃত্ববোধ, পারস্পারিক সুমর্যাদা ও সহিষ্ণুতার বিকাশ ঘটবে।

সাহিত্যের পর্যবেক্ষণ ও গবেষণা এবং সামাজিক সচেতনতা - ছাত্রছাত্রীরা কালনিরপেক্ষ সমাজ বিবর্তনের ক্ষেত্রে মনোবৈজ্ঞানিক ও দার্শনিক বিষয়গুলি সম্পর্কে সম্যক ধারণা লাভ করবে। সাহিত্যের তুলনামূলক পর্যবেক্ষণের মাধ্যমে সমাজতত্ত্ব, সামাজিক মনস্তত্ত্ব, ঘটনা ও চরিত্রের দ্বন্দ্ব প্রভৃতি অনুধাবন ছাত্র-ছাত্রীদের জীবন সংগ্রামে অত্যন্ত সহায়ক এই শিক্ষা।

সৌন্দর্যবোধ, রসবোধ, প্রকাশ কথন ও আন্ত:বিষয়ক অভিসন্দর্ভ রচনার দক্ষতা - বাংলা ভাষাতত্ত্ব, ছন্দ-অলংকার। বিবিধ দর্শননির্ভর সাহিত্য; যথা- চর্যাপদ, বৈষ্ণব পদাবলী, বাউল তত্ত্ব, অনুবাদ সাহিত্য প্রভৃতির সুনিপুন অভিজ্ঞান, সৌন্দর্যবোধ, সুচিন্তন, রসবোধ, দার্শনিক চেতনা গড়ে তোলে। ছাত্রছাত্রীরা স্বজীবনে অর্জিত ধারণা, নীতি- নৈতিকতার প্রয়োগ ঘটাতে সক্ষম হবে।

PANCHUR COLLEGE ESTD 2008 KOLKATA-66

Teacher-in-Charge
Panchur College
Kolkata - 700 066